



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালক, ভূ-গর্ভস্থ সেচনালা নির্মানের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি প্রকল্প
এবং
নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬- জুন ৩০, ২০১৭

উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে

রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক, ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি প্রকল্প

এবং

নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তি স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission),
কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প (Vision) : বরেন্দ্র এলাকার কৃষি ও কৃষি পরিবেশ উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য (Mission) :

সেচ অবকাঠামো উন্নয়নসহ সেচ এলাকা ও আবাদি জমি সম্প্রসারণ, মান সম্পন্ন বীজ
উৎপাদন ও বিপণন এবং পরিবেশ উন্নয়নে ফলদসহ অন্যান্য বৃক্ষ রোপণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ১) কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ।
- ২) ভূ-পরিষ্ক পানি উন্নয়ন ও সেচ সুবিধা বৃদ্ধি।
- ৩) ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

১.৪ কার্যাবলি (Functions) :

- ১) স্থাপিত সেচ যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও ব্যবহারের মাধ্যমে অর্জিত সেচ এলাকায়
সেচ প্রদান অব্যাহত রাখা।
- ২) সেচ যন্ত্রপাতি সংগ্রহ এবং এর সহজলভ্যতা বৃদ্ধি।
- ৩) ভূ-পরিষ্ক পানির ব্যবহার উৎসাহিত করার জন্য ক্ষুদ্র সেচ সম্প্রসারণ, জলাবদ্ধতা ও
জলমগ্নতা দূরীকরণের মাধ্যমে আবাদি জমির আওতা বৃদ্ধি।
- ৪) কৃষকের নিকট উদ্ভাবিত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ।
- ৫) মান সম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ।
- ৬) উৎপাদিত ফসল বাজারজাতকরণে গ্রামীণ সড়ক উন্নয়ন।
- ৭) সেচ দক্ষতা বৃদ্ধি।
- ৮) পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষ রোপণ।

সেকশন ২

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচকসমূহ	একক (Unit)	প্রকৃত *		লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Sources(s) of data)
			২০১৪-১৫	২০১৫-১৬		২০১৭-১৮	২০১৮-১৯		
১। প্রকল্প এলাকায় কৃষি জমি ও সেচের পানির অপচয়ক্রাস ২। প্রশিক্ষিত কৃষক	১। ভূ-গর্ভস্থ সেচনালী নির্মাণ। ২। আদর্শ কৃষক প্রশিক্ষণ প্রদান।	কিঃ মিঃ জন	-	১১৩	৩২৫	৩৫০	২৯২	-	প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির আইএমইডি রিপোর্ট ও বার্ষিক প্রতিবেদন।
			-	৯৫০	১০০০	৫৫০	৫০০		

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ।

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Actives)	কর্ম সম্পাদন সূচক (Performance)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা নির্ণায়ক ২০১৬-১৭ Target/Criteria Value for FY 2016-17					প্রকল্প (Project) ২০১৭-১৮	প্রক্ষেপণ ২০১৮-১৯	
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মাস	চলতি মাসের নিম্নে			
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের কৌশলগত উদ্দেশ্যসমূহ ১। কৃষি জমি ও সেচের পানি অপচয় হ্রাস।	৮৫	১। জু-গর্তস্থ সেচনালা নির্মাণ। ২। নলকূপ পরিচালনা, রক্ষণাবেক্ষণ, সেচের পানি ব্যবস্থাপনা, শস্য উৎপাদন, সুখম সারের ব্যবহার ও কৃষি যান্ত্রিকীকরণ বিষয়ে কৃষকগণকে প্রশিক্ষণ প্রদান।	১। নির্মিত পাইপ লাইন ২। প্রশিক্ষিত কৃষক	কিঃ মি জন	৮৫ ১৫	- ১১৩	৩২৫	৩১০	৩০০	২৯০	২৭৫	৩৫০	৫৫০	২৯২	৫০০
২। কৃষক প্রশিক্ষণ	১৫														

আমি, প্রকল্প পরিচালক, ভূ-গর্ভস্থ সেচনালা নির্মানের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি প্রকল্প, নির্বাহী পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, প্রকল্প পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :



প্রকল্প পরিচালক
ভূ-গর্ভস্থ সেচনালা নির্মানের
মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি প্রকল্প

৩০/১/২০২১

তারিখ



নির্বাহী পরিচালক
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ

৩০-১-২১

তারিখ